আজকের কাগজ

তারিখ 18 SEP 1991 পৃষ্ঠা 6 কলাম 2

6

# শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে সরকার সবকিছু করবে ঃ প্রধানমন্ত্রী

শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে ও শিক্ষাক্ষেত্রে বিরাজমান সমস্যা দূর করতে সরকার সম্ভাব্য সকল সহযোগিতা দেবে বলে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া শিক্ষক ও ছাত্রনেতাদেরকে আশ্বাস দিয়েছেন। খবর ইউএনবি'র।

গতকাল তার সচিবালয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদের সঙ্গে বৈঠকে তিনি একথা বলেন। এছাড়াও ক্যাম্পাসে সন্ত্রাস বন্ধে তার সরকারের দৃঢ়তার কথাও তিনি জানান।

প্রধানমন্ত্রী বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনে ছাত্রদের ভূমিকার কথা উল্লেখ করে শিক্ষার উপযুক্ত পরিবেশ ফিরিয়ে আনতে তাদের এগিয়ে আসার জন্য আহবান জানান। এ ব্যাপারে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতাও কামনা করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামান মিয়া, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি আনোয়ারুল্লাহ চৌধুরী ও ডাকসু নেতারা বৈঠকে উপস্থিত ছিলেন।

## ঢা.বি. শিক্ষক-ছাত্র প্রতিনিধিরা দল নির্বিশেষে সন্ত্রাসকারীদের গ্রেফতার করার দাবি করেছেন

**কাগজ প্রতিবেদকঃ** গতকাল মঙ্গলবার প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক ও ছাত্র প্রতিনিধিদের এক বৈঠকে ছাত্রনেতারা, সরকারি চাকরিতে নিয়োগে নিষেধাজ্ঞা বাতিল, ১ লাখ ৮৫ হাজার শূন্যপদে নিয়োগ, প্রেস এ্যান্ড পাবলিকেশন্স এ্যাক্ট বাতিল, রেডিও-টিভিতে স্বায়ত্তশাসন প্রদানসহ বিভিন্ন বিষয়ের ওপর গুরুত্ব আরোপ করে বক্তৃতা করেছেন বলে জানা গেছে।

বৈঠকে ছাত্রনেতারা ১৭ সেপ্টেম্বর মহান শিক্ষাদিবসকে রাষ্ট্রীয়ভাবে স্বীকৃতি প্রদান, ছাত্রসমাজের ১০ দফা বাস্তবায়ন এবং দলনিরপেক্ষ অবস্থানে থেকে সন্ত্রাসকারীদের গ্রেফতার ও বিচারের জন্যে প্রধানমন্ত্রীর কাছে আহবান জানিয়েছে।

ছাত্রনেতারা জাতীয় সংসদে বিরোধীদলীয় নেত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার ওপর হামলার তদন্ত, এ ব্যাপারে সরকারি ভাষ্যও দাবি করে বক্তৃতা করেছেন বলে জানা গেছে। এছাড়া বিশ্ববিদ্যালয় কর্মসংস্থান পুনরায় চালুর পক্ষেও তারা বক্তৃতা করেছেন।